

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা
শাখা-০৬ (ভোকেশনাল-০১)
ওয়েব সাইট : www. techedu.gov.bd
ই-মেইল : dteadvoc@gmail.com

স্মারক নং-৩৭.০৩.০০০০.০৪০.২৭.৪৩১.১৭. ৮২৬

তারিখ : ২৪/০৪/২০১৭ খ্রিঃ



বিষয় : কারণ দর্শানো প্রসঙ্গে।

সূত্রঃ এডভোকেট মোঃ জামাল আহমদ, বার লাইব্রেরী, ফৌজদারী শাখা, হবিগঞ্জ হতে প্রাপ্ত লিগ্যাল নোটিশ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানান যাচ্ছে, হবিগঞ্জ টেকনিক্যাল স্কুল ও কলেজের জুনিয়র ইন্সট্রাক্টর (ইলেকট্রিক্যাল) জনাব ওয়াকিল আহমেদ এর বিরুদ্ধে দরপত্রের সিডিউল ক্রয় সংক্রান্ত অভিযোগে হবিগঞ্জ জেলার সাং ওপোষ্টঃ বহুলা এলাকার মেসার্স কোহিনুর এন্টারপ্রাইজ এর প্রোপাইটর জনাব মোঃ আজিজুর রহমান নিম্নে উল্লিখিত বিষয়ে উকিল নোটিশ প্রেরণ করেছেন।

- ক) নোটিশদাতা ২০১৬-১৭ অর্থবছরে হবিগঞ্জ টেকনিক্যাল স্কুল ও কলেজ হতে একটি সিডিউল দাখিল করেন। এদিকে জুনিয়র ইন্সট্রাক্টর (ইলেকট্রিক্যাল) জনাব ওয়াকিল আহমেদ অথ্যান্টিক কম্পিউটারের নামে একটি সিডিউল ক্রয় করান এবং তিনি একজন শিক্ষককে সিডিউল রেইট এর বিষয়ে জানতে চান। তিনি হবিগঞ্জ টেকনিক্যাল স্কুল ও কলেজে কর্মরত অবস্থায় সিডিউল ক্রয় করতে পারেন না।
- খ) তিনি বিভিন্ন ঠিকাদারী প্রতিষ্ঠানের নামে কোটেশন দেখিয়ে নতুন মালামাল ক্রয় না করে বিভাগের পুরাতন মালামাল নতুন হিসাবে দেখিয়ে টাকা আত্মসাৎ করেন। এতে প্রতিষ্ঠানটি ক্ষতিগ্রস্ত হয়।

এমতাবস্থায়, এ বিষয়ে তাকে পত্র প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে কারণ দর্শানোর জন্য নির্দেশ প্রদান করা হলো।


(ড. মোঃ নূরুল ইসলাম)
পরিচালক(ভোকেশনাল)
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।


জনাব ওয়াকিল আহমেদ
জুনিয়র ইন্সট্রাক্টর (ইলেকট্রিক্যাল)
হবিগঞ্জ টেকনিক্যাল স্কুল ও কলেজ
হবিগঞ্জ।

পিআইএমএস আইডি নং-৮৩৩৮১০০০৬৬
কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। অধ্যক্ষ, হবিগঞ্জ টেকনিক্যাল স্কুল ও কলেজ, হবিগঞ্জ (তিনি ঠিকাদারের অভিযোগের বিষয়ে কি পদক্ষেপ গ্রহণ করেছেন এবং উক্ত অভিযোগের বিষয়ে সুনির্দিষ্ট মতামত প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।
- ২। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (পত্রটি অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।
- ৩। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।